খুলনায় সরকারি প্রাথমিক সহকারি শিক্ষকদের বিভাগীয় সমাবেশ

বেতনের গ্রেড বৈষম্য নিরসনের দাবিতে খুলনায় বিভাগীয় সমাবেশ করেছে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকরা। তারা বলেছেন, নতুন বেতন কাঠামো অনুসারে প্রধান শিক্ষক ও সহকারি শিক্ষকদের মধ্যে তিন ধাপ গ্রেড বৈষম্য রয়েছে।

বর্তমানে একজন প্রশিক্ষণপ্রাপ্ত প্রধান শিক্ষক ১১তম ও সহকারি শিক্ষক ১৪তম গ্রেডে বেতন পান। এ কারণে তাদের মূল বেতনের পার্থক্য প্রায় ১৩ হাজার টাকা। এতে করে শিক্ষকের মধ্যে হতাশা বিরাজ করছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে ব্যাপক সফলতা আসলেও এসব শিক্ষকদের মনে কষ্ট থেকে যাচ্ছে।

গতকাল বুধবার সকালে নগরীর শহীদ হাদিস পার্কে বাংলাদেশ সহকারী শিক্ষক মহাজোট এ সমাবেশের আয়োজন করে। এতে বিভাগের সহ¯◌্রাধিক শিক্ষক অংশ নেন।

সংগঠনের কেন্দ্রীয় সভাপতি মোঃ মুনির হোসেনর সভাপতিত্বে সমাবেশে বক্তব্য দেন খুলনা জেলা সভাপতি সৈয়দ আনিসুজ্জামান, সহ-সভাপতি আবু দাউদ, সাধারণ সম্পাদক সানোয়ার হোসেন, নগর সাধারণ সম্পাদক কাজী তরিকুল হাসান, শিক্ষক নেতা মো. আলিমুজ্জামান, অধির কুমার কুন্ডু, মো. মোস্তফা জামাল, আসাদুজ্জামান মিঠু, এস এম গোলাম রহমান, পল্লব কুমার, রাশেদুল ইসলাম, মো. আলমগীর, মুক্তা খানম, তহমিনা সুলতানা, মো. তারেকুজ্জামান, ধীমান মন্ডল, মাজাহারুল ইসলাম প্রমুখ।
প্রাথমিক সহকারি শিক্ষক নেতারা ২০১৪ সালের ৯মার্চ থেকে গ্রেড পরির্তনের জন্য সরকারের প্রতি আহ্বান জানান।